

অমৃত বাজার পত্রিকা

মূল্যঃ—অগ্রিম বাষিক ৩।০, ডাক মাশুল ১।০, বাঁধাসিক ৩৫০, ডাক মাশুল ৫০, ত্রৈমাসিক ২।০, ডাক মাশুল ৫০। অনগ্রিম বাষিক ৮।০, ডাক মাশুল ১।০।
বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ১।০, চতুর্থ ততোধিকবার ০।৫ আনা।

৬ ভাগ

কলিকাতাঃ—১০ই মাঘ, দুহম্পতিবার, সন ১২৮০ মাল। ইং ২২এ জানুয়ারি ১৮৭৪ খৃঃ অদ।

৫০ সংখ্যা

বিজ্ঞাপন।

—000—

কলিকাতা

বহুবাজার স্ট্রিট নং ১২

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার

ধাতু দৌর্বল্যের মহৌষধ।

অনেক পুরুষ ও স্ত্রী ধাতু দৌর্বল্য ও ইন্দ্রিয় শিথিলতা জন্য সর্বদা মনঃ ক্রোশে কালযাপন করেন। কোন প্রকার চিকিৎসায় ফল প্রাপ্ত না হইয়া হতাশাস হইয়েন।

গরমীর পীড়া, শুক্রমেহ, অতিশয় শুক্র ব্যয় ও অন্যান্য প্রকার অহিতাচরণে শরীর শীর্ণতা ও জীর্ণতা যুক্ত ধাতু অতিশয় দুর্বল হয়, শুক্র পাতলা হয়, ধারণাশক্তি হ্রাস হয়, স্মরণ শক্তি কম হয় এবং তন্নিবন্ধন মন সর্বদা স্ফূর্তি বিহীন হইয়া থাকে।

ইহার উৎকৃষ্ট ঔষধ এখানে প্রস্তুত আছে। ইহা সেবন করিলে স্ফূর্তি বিহীন মন ও শরীর স্ফূর্তিযুক্ত হইবে, ধারণাশক্তি বৃদ্ধি হইবে, শুক্র গাঢ় ও পরিমাণে বৃদ্ধি হইবে।

যাঁহার এই মহৌষধ গ্রহণে ইচ্ছা করেন তাঁহার এখানে উপস্থিত হইয়া চিকিৎসার ব্যবস্থা লইবেন কিম্বা পীড়ার অবস্থা বিস্তারিত রূপে লিখিবেন এবং ঔষধের মূল্য ইত্যাদির জন্য প্রথমতঃ ৫ পাঁচ টাকা পাঠাইবেন। রোগীর নাম, ধাম আশাশঙ্কর দ্বারা প্রকাশের আশঙ্কা নাই।

যাঁহার নাম অপ্রকাশ রাখিতে চাহেন, তাঁহার কেবল রোগের বিস্তারিত অবস্থা ও ঔষধ পাঠাইবার ঠিকানা লিখিলে আমরা ঔষধ পাঠাইতে পারিব।

শূল বেদনা, মহাব্যাধি, ক্ষয়কাশ, গলগণ্ড, অর্শ, বহু মুত্র ও সকল প্রকার উপদংশ রোগের ঔষধ এখানে প্রস্তুত আছে।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার হেয়ার প্রিজারভার।

নিয়ম মত কিছুদিন ব্যবহার করিলে যুবা ও মধ্য-রস্ক ব্যক্তিদিগের আর শুক্রবর্ণ চুল থাকিবে না। চুল ঘন ও পুষ্ট হইবে এবং মস্তকের চর্ম প্রকৃতাৱস্থা প্রাপ্ত হইবে।

ইহার প্রতি শিশির মূল্য ১ টাকা
ডাক মাশুল ইত্যাদি ১০ আনা।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার হিমসাগর তৈল।

যাঁহার অতিশয় অধ্যয়ন ও মানসিক চিন্তা জন্য মাথার বেদনায় ও অবসন্নতায় কাতর থাকেন তাঁহাদিগের পক্ষে ও বায়ুপ্রধান ধাতুর পক্ষে এই তৈল অতীব উপকারী।

ইহার প্রতি শিশির মূল্য ১ টাকা
ডাক মাশুল ইত্যাদি ১০ আনা।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার কলেরা ক্যান্ফার।

ইহা এদেশীয় ওলাউঠা রোগের অতীব উৎকৃষ্ট ঔষধ। মাত্রা এক বিন্দু হইতে ২০ বিশ বিন্দু পর্য্যন্ত।

ইহার আউন্স শিশির মূল্য ১০ আনা
ডাক মাশুল ইত্যাদি ১০ আনা।
হেয়ার প্রিজারভার, হিমসাগর তৈল ও কলেরা ক্যান্ফার নিম্নলিখিত স্থানে পাওয়া যায়।

বহুবাজার ৯২ নম্বরের বাটী ওরিয়েন্টল এপথিক্যা-রিশ হল, দাস সরকার এণ্ড কোম্পানির নিকট ও কলেজ স্কয়ার ১৪ নম্বরের বাটী মোহালানবিশ এণ্ড কোম্পানির নিকট। এবং চিতপুর রোড ২৮৩ নম্বরের বাটী, ইউনিভারস্যাল মেডিক্যাল হলে তত করিলে পাওয়া যাইবে।

রাজা স্মার রাধাকান্ত দেব বাহাদুরের
শব্দ কম্পান্ডম।

দ্বিতীয়বার মুদ্রিত।

বাক্সালা অক্ষরে প্রথম সংখ্যা প্রকাশ হইয়াছে মূল্য ১ টাকা, ডাক মাশুল ১০ আনা। প্রতি মাসে এক এক খণ্ড প্রকাশ হইবে। দেবনাগরাক্ষরে শীঘ্রই প্রকাশ হইবে।

শ্রীবরদাকান্ত মিত্র কোং,

কলিকাতা শোভাবাজার রাজবাটী।

বিদ্যাপতি।

মহাজন পদাবলী সংগ্রহ ১ম ভাগ, বিদ্যাপতি চণ্ডীদাসের জীবনী, গ্রন্থ সমালোচনা এবং বিদ্যাপতির মূলগ্রন্থ সটীক, মূল্য ১।০ ডাক মাশুল ১০ আনা। কলিকাতা কলেজ স্ট্রিট ৫৪ নং দোকান শ্রীযুক্ত কেশবনাথ চট্টোপাধ্যায় এবং কোর নিকট, কিম্বা যশোর বগচর শ্রীযুক্ত অভয়চরণ দেব নিকট এবং অমৃতবাজার পত্রিকা আফিসে প্রাপ্তব্য।

শ্রীযুক্ত বাবু কালীময় ঘটক প্রণীত দ্বিতীয়-চরিতাঙ্কক মূল্য ৫০ আনা। সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে বিক্রয়ার্থ মঞ্জুত আছে। ইহাতে বাণেশ্বর বিদ্যালঙ্কার রাম হুলাল সরকার, গোবিন্দ চক্রবর্তী (মুকুট রায়) দ্বারকানাথ চাকুর, রাধাকান্ত দেব, রামগোপাল ঘোষ, মদনমোহন তকালঙ্কার এবং শঙ্কুনাথ পণ্ডিত এই আট জনের জীবন চরিত আছে।

B. M. SIRCAR'S ABROMA
AUGUSTUM.

বাধক বেদনার মহৌষধ।

প্রায় এক বার সেবনেই যন্ত্রণা হইতে আরোগ্য লাভ হয় ও সন্তানোৎপত্তির ব্যাঘাত দূর করে।

উক্ত ঔষধ এবং সেবনের নিয়ম ডাক্তার ভুবন মোহন সরকারের নিকট কলিকাতা চোরবাগান মুক্তরাম বাবুর স্ট্রিট ৭৭নং ভবনে তত করিলে প্রাপ্ত হইবেন।

মূল্য ৩।০ টাকা মায় ডাকমাশুল ১।০
ব, এম সরকার কোং চোরবাগান কলিকাতা।

উত্তম বেঙ্গল র ম ১। উজন ২। ১ বোতল ৫। ১ পাইট ১। ০। ডিমটেনার শ্রীযুক্ত দীপক চন্দ্র মাহা কোং সোল এজেন্ট শ্রীযুক্ত মাহা কোং ২৫ নং ডেলহৌস ষকএর কলিকাতা।

সংক্রামক জ্বরের মহৌষধ

সহস্র সহস্র পরীক্ষা দ্বারা এই ঔষধের গুণ পরীক্ষিত হইয়াছে। হৃগলী ও বর্ধমান প্রভৃতি সংক্রামক জ্বর প্রাপ্তিত জেলায় ইহা বাহুল্য রূপ ব্যবহার হইতেছে। জ্বর, পীড়া যকুৎ, শোথ প্রভৃতি যে সমস্ত পীড়া মেলেরিয়া বা অতিরিক্ত কুইনাইন ব্যবহার দ্বারা জন্মে তাহার বিশেষ প্রতকারক। মূল্য ২ টাকা মায় ডাকমাশুল।

অর্শরোগের মহৌষধ।

বিশেষ পরীক্ষা দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে ইহা দ্বারা সর্বপ্রকার অর্শ এককালে আরোগ্য হয়। মূল্য ১।০ টাকা মায় ডাক মাশুল।
টারোরোগের মহৌষধ।

অনেকের বিশ্বাস যে, টাক কখন আ-রোগ্য হয় না কিন্তু এ ঔষধ ব্যবহার করিলে সে মত অবশ্যই দূর হইবে। মূল্য ১।০ টাকা মায় ডাকমাশুল।

উক্ত ঔষধ কয়েকটি কর্ণওয়ালিস্ স্ট্রিট ৩৪ নং ভবনে শ্রীযুক্ত বেহারিলাল ভাট্টার নিকট পাওয়া যাইবে। ২৩

বিজ্ঞানসার উপক্রমণিকা ২২২ পৃষ্ঠা ৬৩ খানি চিত্র সংলিখিত মূল্য ১ এক টাকা ডাক মাশুল ১০ আনা। বাক্সালা ও মাইনর ছাত্রবৃত্তির পরীক্ষার নির্দিষ্ট সমুদায় বিজ্ঞানই ইহাতে আছে।

বিজ্ঞানসার সম্বন্ধে সংবাদ পত্রের মত।

This work is eminently fitted as a text book for schools * * It can be safely used for the purpose of scientific instruction. The production does credit to his (author's) abilities and scholarship.—Indian Mirror Aug. 23. 1872.

The author Baboo Beereshur Panda deserves great credit for the attempt he has made. * * * The book will form a good text for schools.—Hindoo Patriot Aug. 26. 1872.

গ্রন্থ খানি যে কেবল সরল ভাষায় লিখিত হইয়াছে এমন নহে, ইহাতে অতি সরল প্রাণালীও অবলম্বিত হইয়াছে। অল্পমাত্র সাহায্য লাভ হইলে বালক বালিকারা এখানি অনায়াসে বুঝিতে পারিবে।—সোমপ্রকাশ, ২১শে ফাল্গুন।

বাক্সালা ও মাইনর ছাত্রবৃত্তি পরীক্ষার্থীদের এপুস্তক পাঠে বিশেষ উপকার হইবে।—অমৃত বাজার পত্রিকা।

নীলাবতী প্রথম ভাগ। সংস্কৃত অনুবাদিত মূল্য ১০ আনা।

বাক্সালা শিক্ষা প্রথম ভাগ বর্ণপাঠ, মূল্য ১।০। ইহাতে সুপ্রাণালীতে বালক শিক্ষা হইতে পারিবে।

উক্ত পুস্তক জয় কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়, কেনিং লাইব্রারি এবং কৃষ্ণনগর গোবিন্দ সড়ক বঙ্গবিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত বাবু তারকনাথ চৌধুরী মহাশয়ের নিকট বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

শ্রীবীরেশ্বর পাণ্ডে।

আমরা বিপদের নিমিত্ত গবর্ণমেন্টের চেষ্ঠা।

গত ডিসেম্বর মাসে লর্ড নর্থব্রুক আশ্রয় হইতে কখন কলিকাতায় আসেন, তখন ভাগলপুরের কমিশনার তাঁহাকে জ্ঞাত করান যে ভাগলপুরে এক্ষণ অনেক গুলি মধ্যবর্তী লোক আছে যে তাঁহাদের দুর্ভিক্ষ উপস্থিত কিশম্য হুয়ুল্য হইলে বিশেষ কষ্ট হইবে। ইহার মুটিয়া মুজুরের ন্যায় খাটিতে পারিবে না। বরং ইহার অনাহারে মরিয়া যাইবে তবু কুলিদিগের সঙ্গে কাজ করতে স্বীকার করিবে না, সুতরাং গবর্ণমেন্ট রাস্তা, রেলওয়ে প্রভৃতি যে সকল দুর্ভিক্ষ নিবারক উপায় অবলম্বন করিয়াছেন তাহা দ্বারা তাহারা কোন সাহায্য প্রাপ্ত হইবে না। লর্ড নর্থব্রুক ইহার উত্তরে ইহাই বলেন যে, এই সকল দরিদ্র মধ্যবর্তী প্রজা যে সকল জমিদারের জমিদারীতে বাস করে, সেই সকল জমিদারিদিগের কর্তব্য যে তাঁহারা তাহাদিগকে সাহায্য করেন। যে সকল জমিদারদের তত অর্থ সংগতি নাই তাঁহারা গবর্ণমেন্টের নিকট হইতে টাকা কজ্জ করিয়া লইতে পারেন এবং উহা প্রজাদিগকে ধার দিয়া যথেষ্ট উপকার করিতে পারেন। তিনি আরো বলেন যে গবর্ণমেন্ট সাফাভাবে প্রজাদিগকে তকাবি দিতে পারেন, কিন্তু জমিদারেরা গবর্ণমেন্টের নিকট এই তকাবির নিমিত্ত দায়ী থাকিবেন এবং জমিদার উহা প্রজার নিকট হইতে আদায় করিয়া লইতে পারিবেন। জমিদারদিগকে এই নিয়মে আবদ্ধ করিবার নিমিত্ত যদি বিশেষ কোন আইনের প্রয়োজন হয় লর্ড নর্থব্রুক তাহাও করিতে স্বীকৃত হন। সংপ্রতি গবর্ণর জেনারেলের আদেশানুসারে এই রূপ একটি সারকুলার চিঠি সমস্ত ডেপুটি মাজিস্ট্রেট কলেক্টর দিগের নিকট প্রেরিত হইয়াছে। ইহাতে লিখিত হইয়াছে যে দুর্ভিক্ষ পীড়িত প্রজাদিগের সাহায্যার্থে জমিদারদিগকে তকাবি গ্রহণ করিতে হইবে, এবং এই নিমিত্ত যদি বিশেষ কোন আইনের আশঙ্ক্য হয় তাহা গবর্ণমেন্ট করিতে প্রস্তুত আছেন। আশঙ্কিত দুর্ভিক্ষ পীড়িত প্রজাদিগের কষ্ট নিবারণের নিমিত্ত গবর্ণমেন্ট এই রূপ মনোবোগী হইয়াছেন ইহাতে আমাদের বিশেষ আশার সঞ্চার হইল। প্রজা রক্ষা করা যে জমিদারের প্রধান কার্য তাহাতে ভুল নাই আর গবর্ণমেন্ট এই নিমিত্ত যদি বিশেষ কোন আইনের সৃষ্টি করেন তাহাতে কাহার অসন্তুষ্টি হইবার কারণ নাই। আমাদের জমিদারদিগের মধ্যে অনেক সদাশয় ব্যক্তি আছেন বটে, কিন্তু অনেকে আবার এক্ষণ আছেন যে তাঁহারা প্রজা উচ্ছিন্ন হইয়া গেলেও তাহাদিগের প্রতি এক বার দৃষ্টিপাত করেন না। এই সকল জমিদারদিগকে চৈতন্য করিবার নিমিত্ত একটি বিশেষ আইন প্রয়োজন। কিন্তু আমরা একটি বিষয় আশঙ্ক্য করিতেছি। জমিদারদিগের একটি হস্ত অখ্যাতি আছে যে তাঁহারা নামা হলে বলে প্রজাদিগের নিকট হইতে অর্থ শোষণ করেন এবং অনেক স্থলে এ অখ্যাতি অমূলক নহে। যদি জমিদারদিগের এক্ষণ একটি ক্ষমতা দেওয়া হয় যে গবর্ণমেন্টের নিকট হইতে তাহারা যে তকাবি গ্রহণ করিবেন তাহা তাহারা যে সকল প্রজার উপকারার্থে ব্যয় করিবেন তাহাদিগের নিকট হইতে আদায় ক-

রিয়া লইতে পারিবেন, তাহা হইলে সম্ভবতঃ প্রজা পীড়নের নিমিত্ত জমিদারদিগকে আর একটি পথ খুলিয়া দেওয়া হইবে। এই সুযোগে হয় ত অনেক জমিদার প্রজাদিগকে আফে পিফে বন্ধন করিয়া চিরকাল তাহাদিগকে নিজ করায়ত্তে রাখিবেন। জমিদারেরা যদি প্রজার ভূস্বামী ও মহাজন এই উভয়ই হন তাহা হইলে প্রজার প্রতি সমর্থক নিস্পীড়ন হইবার সম্ভাবনা। এবং গবর্ণমেন্ট যদি প্রজাদিগকে তকাবির টাকা জমিদারদিগের দ্বারা অর্পণ করেন তাহা হইলে প্রজার সহিত জমিদারের এই আর একটি নূতন সম্বন্ধ সৃষ্টি করিয়া দেওয়া হইবে। অবশ্য গবর্ণমেন্ট সাফাভাবে সকল প্রজাকে তকাবি প্রদান করিতে পারেন না। জমিদার, গবর্ণমেন্ট ও প্রজার মধ্য স্থলে সুতরাং জমিদারের দ্বারা প্রজাদিগকে তকাবি দেওয়া যে রূপ সম্বন্ধ ও সুবিধাজনক এক্ষণ গবর্ণমেন্ট দ্বারা হইতে পারে না। বিশেষতঃ জমিদারেরা যদি গবর্ণমেন্টের নিকট দায়ী থাকেন তবে গবর্ণমেন্ট যে গতিকে হয় তাহাদিগের নিকট হইতে টাকা আদায় করিয়া লইতে পারিবেন, কিন্তু সাফাভাবে প্রজাকে তকাবি দিলে হয় ত গবর্ণমেন্টের অনেক টাকা অনাদায়ী হইয়া পড়িয়া থাকিতে পারে। কিন্তু গবর্ণমেন্ট এই সুবিধা খুঁজিতে গিয়া যদি জমিদার ও প্রজাকে আর একটি অসুখকর সম্বন্ধে আবদ্ধ করেন তাহা কোন ক্রমেই বাঞ্ছনীয় নহে। যদি পূর্বের ন্যায় জমিদারের ও প্রজার পিতা পুত্র সম্বন্ধ থাকিত তাহা হইলে গবর্ণমেন্টের আর এই বিষয়ে হস্তক্ষেপ করিবার প্রয়োজন হইত না, জমিদারেরা আপনা হইতেই প্রজাদিগকে রক্ষা করিত ও আপনার পরিবারের ন্যায় তাহাদিগকে ভরণ পোষণ করিত, কিন্তু ইংলিশ গবর্ণমেন্ট সেই সম্বন্ধ ভাঙ্গিয়া দিয়াছেন, জটিল ও অনির্ভরকর আইন সকল দ্বারা জমিদার ও প্রজার এক্ষণ অহিনকুলতা ভাব হইয়া দাঁড়াইয়াছে। এক্ষণ আবার আর একটি আইন দ্বারা প্রজা ও জমিদারকে খাতক ও মহাজনের সম্বন্ধ সূত্রে আবদ্ধ করিলে ইহাদিগের পরস্পরে বিবাদ বাধিবার আর একটি পথ প্রস্তুত করা হইবে। লর্ড নর্থব্রুকের নিকট আমাদের এই নিবেদন যে তিনি যেন প্রজাদিগকে আশ্রয় বিপদ হইতে রক্ষা করিতে গিয়া তাহাদিগকে আর একটি স্থায়ী বিপদে নিঃক্ষেপ না করেন।

অতঃপর গবর্ণমেন্ট জমিদারদিগকে কর্তব্য কর্ম বুঝাইয়া দিতে যে রূপ ব্যস্ত হইয়াছেন, সেই রূপ নিজের বর্তব্য কর্মের উপর যেন তাহাদের দৃষ্টি থাকে। সম্মুখে সমূহ বিপদ দেখিয়াও গবর্ণমেন্ট এখন পর্যন্ত প্রজাদিগকে শোষণ করিতে ছাড়িতেছেন না। এখান অনেক স্থলে পথ-কর আদায়ের ধুম লাগিয়াছে। সে দিবস হুগলী জেলার লোকেরা রোড-সেস স্থগিত রাখিবার জন্য দরখাস্ত করিল কিন্তু তাহা গ্রাহ্য হইল না। সত্য, গবর্ণমেন্ট আদেশ দিয়াছেন যে, যে সকল স্থানে দুর্ভিক্ষ হইবার সম্ভাবনা সেখানে কমিসনারগণ বিবেচনা করিলে রোড-সেস আদায় আপাততঃ স্থগিত রাখিতে পারেন। কিন্তু এ আদেশটি কেতাবেই লিখিত আছে, কাজে তাহার কিছুই হইতেছে না। আমরা শুনিলাম স্থানে স্থানে রোড-সেসের নিমিত্ত

প্রজারা ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছে। তাহারা এ দিকে দুর্ভিক্ষের ভাবনার অধিক, তাহাতে আবার সেস কালেক্টরের অত্যাচার। প্রজার গবর্ণমেন্টে শান্তি বন্ধ করিতেছেন না। এ দিকে জমিদারদিগকে প্রজার নিকট খাজনা না লইতে বলা হইতেছে, ও দিকে আবার তাহাদের লাটের খাজনা স্থগিত করা হইতেছে না, গবর্ণমেন্টের যে এ ক্রম সাধুত তাহা আমরা বুঝিতে পারি না। প্রজারা খাজনা না দিলে জমিদারের গবর্ণমেন্টকে কর দিবার সাধ্য নাই। গবর্ণমেন্ট জমিদারদিগকে যত ধনীই বিবেচনা করুন, কিন্তু প্রকৃত প্রস্তাবে প্রজারা এক কিস্তি খাজনা বন্দ করিলে তাহারা বিঘ্ন সঙ্কটে পতিত হয়। জমিদারদের অনেকেরই পূর্বের ন্যায় ধন নাই, ঐশ্বর্য্য নাই, প্রত্যুত ইহাদের অনেকে ঋণগ্রস্ত ও কষ্টে সৃষ্টি আপনাদের পদ মর্মানী রক্ষা করিয়া থাকেন। গবর্ণমেন্ট জমিদারদিগকে ধনশালী বলিয়া যদি তাহাদিগকে খাজনা আদায় বন্ধ করিতে উপদেশ দেন, তবে গবর্ণমেন্টের সর্ব্বাঙ্গেই দুর্ভিক্ষ দেখান কর্তব্য কেন না গবর্ণমেন্ট সর্ব্বাপেক্ষা ধনী। গবর্ণমেন্টের এক কিস্তি কি দুই কিস্তি খাজনা মহকুপ করিলে তত আইসে যাইবে না, কারণ রাজকোষে বিস্তর টাকা মজুত আছে এবং তাহার কিয়দংশ খরচ করিলে অনায়াসে চলিতে পারে। কোন যুদ্ধ বিগ্রহ উপস্থিত হইলে গবর্ণমেন্ট মজুত টাকা খরচ করিতে কোন আপত্তি করেন না, সেখানে দুর্ভিক্ষের ন্যায় ভয়ানক বিপদ উপস্থিত হইলে যে বেন উহাতে আপত্তি করিবেন তাহা আমরা বুঝিতে পারি না। রাজকোষের সঞ্চিত ধনরাশি যদি এই সময় কার্য্যে না লাগে তবে আর কোন সময় লাগিবে।।

দুর্ভিক্ষ সম্বন্ধে গবর্ণমেন্টের রিপোর্ট।

আর দুই মাস পরেই স্পষ্ট বুঝা যাইবে যে, দেশে প্রকৃত দুর্ভিক্ষ হইবে কি না। কিন্তু গবর্ণমেন্ট এই বিষয়ে যে সকল রিপোর্ট সংগ্রহ করিতেছেন তাহা দেখিলে আশ্চর্য্য বোধ হয়। ক্যাম্বেল সাহেব প্রতি সপ্তাহে আশঙ্কিত দুর্ভিক্ষ সম্বন্ধে একটি বিবরণ প্রকাশ করিতেছিলেন। এক্ষণ উহা প্রতি পক্ষে প্রকাশিত হইতেছে। কিন্তু উহাতে যে সমুদায় ঘটনা সন্নিবেশিত হয় তাহা এত অসংলগ্ন ও ভ্রমপূর্ণ বলিয়া বোধ হয় যে তাহাতে সহসা আস্থা হয় না। আবার রিপোর্টে আমরা শস্যের অবস্থা সম্বন্ধে যে সকল কথা পাঠ করি তাহা গোপন অনুসন্ধান করিয়া দেখিলে অনেক সময় ঠিক বলিয়া বোধ হয় না। ফল গবর্ণমেন্টের রিপোর্টের উপর যে বিশ্বাস করা যায় না তাহার একটি বিশেষ কারণ আছে। জেলার কালেক্টর বটে বেঙ্গাল গবর্ণমেন্টকে সমুদায় সংবাদ প্রেরণ করেন, কিন্তু মাজিস্ট্রেট স্বয়ং এই সংবাদ সংগ্রহ করেন না, তাঁহাকে পুলিশের হেড কনষ্টেবল কি চৌকিদারের কথার উপর নির্ভর করিতে হয়। আশঙ্কিত দুর্ভিক্ষ সম্বন্ধে ঠিক গণনা করিতে হইলে আমাদের প্রথমে এই কয়েকটি বিষয় দেখিতে হইবে, অর্থাৎ কত জমিতে শস্য বপিত হয়, এই জমির অবস্থা কিরূপ, কি জমিতে কত শস্য উৎপন্ন হয়, প্রতি বিঘাতে গড়ে কি পরিমাণ শস্য জন্মে, বিলান জমি কত, উচ্চ জমি কত ও মাঝারী গোছের জমি

কত, কত শস্য দেশে মজুত আছে, প্রতি ব্যক্তির আহারের পরিমাণ কত, দেশের লোকের সংখ্যা কত ইত্যাদি। কিন্তু হেড কনেফবল কি চৌকিদার এই সকল বিষয়ের যথার্থ সংবাদ দিতে পারে? সুতরাং গবর্ণমেন্টে এই সম্বন্ধে যে কোন রিপোর্ট লিখুন না কেন তাহা কালু সেখ কি জমির হেড কনেফবলের প্রেরিত সংবাদের উপর স্থাপিত। এই রিপোর্ট যত সাজাইয়া গুজাইয়াই লেখা হউক না কেন যাহারা গোড়ার খবর জানে তাহারা কোন মতে ইহাতে বিশ্বাস করিতে পারে না। বিবারলি সাহেব বিস্তর টাকা খরচ করিয়া বাহির করিলেন যে বাঙ্গালার জন সংখ্যা ছয় কোটি ছয় লক্ষ লোক। কিন্তু প্রকৃত প্রস্তাবে বাঙ্গালায় ছয় কোটি ছয় লক্ষ লোক কি ত্রিশ কোটি তিন লক্ষ লোক তাহা বিবারলি সাহেবও যেমন জানেন বেঙ্গাল গবর্ণমেন্টও সেইরূপ জানেন। বিবারলি সাহেবেরও গণনার উপর লোকের যেরূপ বিশ্বাস, গবর্ণমেন্ট এত পরিশ্রম করিয়া দুর্ভিক্ষ সম্বন্ধে যে রিপোর্ট সংগ্রহ করিতেছেন তাহার উপরও তেমনি বিশ্বাস। কিন্তু এই রিপোর্টের উপর কত বড় গুরুতর বিষয় নির্ভর করিতেছে। এই রিপোর্টের সত্যাসত্যের উপর সহস্র সহস্র লোকের জীবন নির্ভর করিতেছে। এই রিপোর্টের উপর নির্ভর করিয়া গবর্ণমেন্ট এমন একটি ভুল করিতে পারেন যে তজ্জন্য চিরকাল অনুতাপ করিলেও তাহার সংশোধন হইবে না। উড়িয়ায় যে দশ লক্ষ লোক মরিয়াছিল সে কেবল শুদ্ধ এই ভ্রমপূর্ণ রিপোর্টের জন্যে। অতএব এই আশঙ্কিত দুর্ভিক্ষের বিষয় অনুসন্ধান করিতে গিয়া গবর্ণমেন্ট যদি চৌকিদার কি হেড কনেফবলের উপর নির্ভর করেন তবে ঘোর বিপদ উপস্থিত হইতে পারে। সুশিক্ষিত ও বিজ্ঞ লোকের সাহায্য না লইলে গবর্ণমেন্ট কখনই এ সম্বন্ধে প্রকৃত সংবাদ পাইবেন না। যাবৎ তাহা না করা হইতেছে তাবৎ প্রতি সপ্তাহে ও প্রতি পক্ষে যে রাশি রাশি রিপোর্ট বাহির করা হইতেছে তাহা সমুদায় পণ্ড শ্রম মাত্র।

জানুয়ারী মাসের প্রথম পক্ষের যে অন্ন কষ্ট সম্বন্ধীয় বিবরণ প্রকাশিত হইয়াছে তাহার এক খণ্ড আমরা প্রাপ্ত হইয়াছি। উহার প্রথমেই লেখা হইয়াছে যে, মেদনীপুর, যশোহরের কতক অংশ, বাখরগঞ্জের কতক অংশ, নোয়াখালি, চট্টগ্রাম কটক, বালেশ্বর ও পুরীর শস্য সম্বন্ধে নবেম্বর ও ডিসেম্বর মাসে যে গণনা করা হয় তাহা ভুল হইয়াছিল। পূর্বে অনুমিত হয় যে এই সকল স্থানে প্রায় ষোল আনা শস্য সংগৃহীত হইবে, কিন্তু এক্ষণে জানা যাইতেছে যে এখানে অন্যান্য বৎসরের বেশী শস্য হইবে না। যশোহরে জোর দশ আনা হইবে, কিন্তু আমরা গোপন অনুসন্ধান দ্বারা জানিয়াছি যে যশোহরে চৌদ্দ আনারও বেশী শস্য হইবে। আবার বর্দ্ধমান, ছগলী, ও হাবড়ায় পূর্বে যেরূপ অনুমান করা হয় তাহা অপেক্ষা বেশী শস্য হইবে। নদীয়া ও ২৪ পরগণায়ও প্রায় বার আনা শস্য হইবে। রাজসাহী বিভাগের অবস্থা নিতান্ত মন্দ। ঢাকা ময়মানসিং, সিলেট, ত্রিপুরা, ও কাছাড়, শস্য মন্দ হয় নাই। বাঁকুড়া, বীরভূম, মানভূম, মেদনীপুরের কতক অংশ, হাজারীবাগ, লোহারডাঙ্গা সিংভূম, সাঁওতাল পরগণা, ভাগলপুরের কতক অংশ, এবং মুন্সেরে প্রায় দশ আনা শস্য পাওয়া হইবে। ত্রিহত, সারণ, ভাগলপুরের ও মুন্সেরের

কতক অংশ এবং পূর্বদিয়ার অবস্থাও অতি মন্দ। পাটনা গয়া, সাহাবাদ, ভাগলপুর ও মুন্সেরের কতক অংশ শস্য পাঁচ আনার বেশী হইবে না। জলপাইগুড়ী কোচবেহার হইতে গেরা-পাড়া পর্যন্ত সমুদায় স্থানে তত বেশী শস্য সংগৃহীত হইবে না। অন্যান্য জেলায় শস্যের অবস্থা একরূপ ভালই।

উপরের বিবরণ পাঠ করিলে বোধ হয় যে দুর্ভিক্ষের নিমিত্ত তত আশঙ্কা নাই, কিন্তু হয় ত আবার আগামী পক্ষের রিপোর্টে আমরা পাঠ করিব যে বাঙ্গালার কোন জেলাতেই শস্য ভাল হয় নাই ও দুর্ভিক্ষ আসন্ন।

এডুকেশন গেজেট সম্পাদক সরাসরি বিচার সম্বন্ধে যে প্রস্তাবটি লিখিয়াছেন তাহার প্রকৃত অর্থ বোধ হয় অনেকে বুঝিতে পারেন নাই। তাঁহার সম্পাদক মহাশয়কে সরাসরি বিচারের সপক্ষ দেখিয়া আশ্চর্য হইয়াছেন। কিন্তু সকলেই অবগত আছেন যে এডুকেশন গেজেটের সম্পাদক ভারি গভীর প্রকৃতির লোক। এবং তাঁহার লেখা অনেক সময় এরূপ গভীর হয় যে অনেকের নিকট উহা একরূপ অতলম্পর্শ হইয়া পড়ে। আমাদের ভয় হয় তাহার এই প্রস্তাবটি সেইরূপ হইয়া থাকিবে। তিনি সরাসরি বিচার বিষয়ক প্রস্তাবে উহার সপক্ষতা করেন নাই। গবর্ণমেন্টকে আগা গোড়া ঠাট্টা করিয়াছেন। তিনি বলিয়াছেন যে গুরু মহাশয় কি বাটীর কর্তা এরূপ ধরিয়া আনিলেন আর তৎক্ষণাৎ বিচার করিলেন গবর্ণমেন্টের এ বিচার প্রণালীটি সেইরূপ। তিনি যদি গভীর ভাবে না লিখিয়া প্রস্তাবটি স্পষ্ট করিয়া লিখিতেন তাহা হইলে তিনি তাহার পর ইহাই লিখিতেন, “তবে গুরু মহাশয় দুই ঘা বেতের বাড়ী কি বাটীর কর্তা দুই টাকা জরিমানা কি দুই ঘা জুতার বাড়ী মারিবার হুকুম দিতেন এবং হয়ত আসামী তাহার পায় ধরিলে তিনি তাহাকে দুই টাকার স্থলে এক টাকা কি দুই ঘা বেতের স্থলে এক ঘা বেতের বাড়ী মারিবার আবার হুকুম দিতেন। সে বড় কাঁদাকাটা করিলে পিয়াদার রোজ চারি আনার হুকুম দিয়া ছাড়িয়া দিতেন। কর্তা কি গুরু মহাশয় হয়ত আপন হাতে দুই ঘা লাগাইয়া দিতেন, আপনি উকল আপনি মোক্তার হইতেন, চৌকির উপর বসিয়া তৈল মাখিতে মাখিতে বিচার হইত এবং তাঁহার প্রায় সামান্য লোকের প্রতি এইরূপ বিচার করিতেন। আর মাজিষ্ট্রেট সাহেব এইরূপ বিচার করিয়া অন্যায়সে এক জনকে তিন মাস কার্টক দিতে পারেন এবং সেখানে তাহাকে ঘানিগাছে ঝুড়িয়া যৎপরোনাস্তি কষ্ট দিতে পারেন, তাহাকে মেথরের কাজে নিযুক্ত করিতে পারেন, তাহাকে কথায় কথায় বেত্রাঘাত করিতে পারেন, তাহাকে যত দূর সম্ভব অপমান ও শারীরিক যন্ত্রণা দিতে পারেন অথচ সুবিচার পক্ষে নানা রূপ বিঘ্ন। মাজিষ্ট্রেট এক দেশী লোক, আসামী আর এক দেশী লোক, তাহার কাছে আসামীর মান সম্ভ্রম পদ মর্যাদার কিছুই বিচার নাই। তিনি নিজ হস্তে দণ্ড করেন না, অতি জঘন্য ব্যক্তি দ্বারা অপমান করেন, তিনি অন্যায় আজ্ঞা দিলে দেশ সমেত লোক একত্রিত হইয়া ক্রন্দন করিলেও আসামীর শাস্তির কিছু মাত্র

মাজিষ্ট্রেট না করেন না অথচ মাজিষ্ট্রেটের অন্যায় বিচার করার বিশেষ সম্ভাবনা থাকে।” গেজেট বিদ্রোহী এক স্থলে বাহারা সরাসরি বিচারের বিপক্ষ তাহাদের গুণী করেক আপত্তির উল্লেখ করিয়া বলিয়াছেন “এ ব্যক্তি গুলি গুলিতে মন্দ নয়, কিন্তু অসার। কত অসার তাহা নিচের বিবরণে সপ্রমাণ হইবে।” তিনি এই কথা বলিয়া বৈ গবর্ণমেন্টের সরাসরি বিচার প্রণালীটি ভারি প্রিয় সেই গবর্ণমেন্টের অনুগত অনুচর দিগের এ সম্বন্ধীয় মত গত সংখ্যক কলিকাতা গেজেট হইতে উদ্ধৃত করিয়াছেন। এই উদ্ধৃত দ্বারা তিনি একরূপ স্পষ্ট করিয়া বলিয়াছেন যে এ আইনের সপক্ষ লোক কেবল তাহাদের ইহাতে স্বার্থ আছে তাহাদের মধ্যেই পাওয়ার সম্ভাবনা। এরূপ গভীর ভাবে প্রস্তাব লেখাতে ভারি গুণপণ্য প্রকাশ পায় বটে কিন্তু আইনের বিবেচনায় এ সমুদয় বিষয় এরূপ ভাবে লেখা অন্যায়, কারণ বিপক্ষ লোকে অনেক সময় ইহার সুবিধা লইতে পারে।

এ দিকে জল কষ্ট ও অন্ন কষ্টের নিমিত্ত লোকে ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছে ও দিকে আবার আর একটি বিপদ উপস্থিত। চাউলের দরকার বেশী হওয়ায় টাকার বাজার অত্যন্ত চড়িয়া উঠিয়াছে। বেঙ্গল ব্যাঙ্ক সুদের হার ক্রমশঃ বৃদ্ধি করিতেছেন। গত সপ্তাহে ব্যাঙ্কের সুদ শত করা সাত টাকা ছিল, কিন্তু ইহার মধ্যে উহা ৮০ টাকা হইয়া উঠিয়াছে। শুদ্ধ বাঙ্গলায় নয়, বোম্বাই ও মাদ্রাজেও টাকার বাজার চড়িয়া উঠিয়াছে। কলিকাতার অনেক ব্যবসাদার টাকার এইরূপ বাজার দেখিয়া ভারি ভীত হইয়াছেন। অনেকে আশঙ্কা করিতেছেন যে সুদের হার যদি আর কিছু বাড়িয়া উঠে তবে বিস্তর ব্যবসাদারের সর্বনাশ হইবে।

কশিয়া ক্রমাগত ইংলণ্ডের সহিত কথা উদ্ধ করিতেছে, কিন্তু আশ্চর্যের বিষয় যে ইংরেজেরা এখন পর্যন্ত বিশ্বাস করেন যে কশিয়ার ভারতবর্ষ সম্বন্ধে কোন কুঅভিপ্রায় নাই। যখন কশিয়ানরা চেম্বন্দ অধিকার করিলেন ও উহা গড় দ্বারা বেঁটন করিতে চাহিলেন তখন ইংরেজেরা তরানক চীৎকার করিয়া উঠিলেন, কিন্তু কশিয়ানরা নানা রকম তুষ্টি থাক্য প্রয়োগ করিয়া ইংরাজদিগকে শান্ত করিলেন। কয়েক মাস পরে সমারখণ্ড কশিয়ার হস্তে পতিত হইল। আবার ইংলণ্ডে ছলুস্তু লু পড়িয়া গেল, আবার সব চূপ চাপ হইল। সমারখণ্ডের পরে কোকাও ও কোকাওের পর বোখারা কশিয়া কর্তৃক অধিকৃত হইল। কিছু দিন পরে কশিয়া কাশগার অধিকার করিবার অভিপ্রায় প্রকাশ করিল ও আর্টালিক গাজি অত্যন্ত ভীত হইয়া কশিয়ার সহিত এক সন্ধি করিলেন। তাহার পর খাইবার বারি পড়িল। বৈজ্ঞানিক গবেষণা করিবার ছুতা করিয়া কশিয়ানরা খাইবায় গুবেশ করিল, কিন্তু উহাও তাহাদের করতলস্থ হইয়াছে। এইরূপ ক্রমে কশিয়া ভারতবর্ষ মুখ অগ্রসর হইতেছে, আর এ কথা সে কথা বলিয়া ইংরাজদিগের চখে ধূলা দিতেছে। সম্প্রতি কশিয়ার রাজ কন্যার সহিত মধ্যম রাজকুমারের বিবাহের কথা উত্থাপন করিয়া কশিয়া আর একটি চক্র করিতেছে। কে জানে কশিয়া এই সুযোগে কি করিয়া বসে।

ADVERTISEMENT.

NATIONAL THEATRE.

Saturday, the 24th Jan. 1874

THE MOST SUCCESSFUL

বীর-রসায়ক নাটক

হেমলতা।

To conclude with

A humorous Representation of the
NEW MUNICIPAL MARKET.

THE AMRITA BAZAR PATRIKA

CALCUTTA—THURSDAY, the 22nd Jan. 1874

If the Muffosil Associations have any desire to make any representations to Government regarding the Criminal Procedure Code they ought to lose no time, for the matter has been already referred to the Select Committee. We hope they will not let slip such an opportunity. Such an opportunity may not again come for years.

It has been found that cotton-mills may do very well in India and can successfully compete with those in Manchester. His Highness the Holkar first pointed out the path, and while at Poona the Prince praised the people for their endeavours to revive our manufactures. Cotton-mills have sprung up in various parts of the country, in Indore, Bombay, Surat and Calcutta. This is a real progress in the right direction. But here again the interests of the people clash with those of their English masters. Manchester, Lancashire and Liverpool have ruined our manufactures and the whole weaving caste of India has been thrown out of employ. The *Englishman* publishes an abstract of articles subject to duty, from which it appears that the normal rate of duty is 7½ per cent. But there are some exceptions such as cotton twist, cotton and woollen piece goods, linen, canvas and naya stores, floor-cloths, iron and railway materials. All these articles represent powerful English interests, and the result is that they come in at a lower rate. Now that these mills have been established in different parts of the Empire, Manchester and Lancashire demand a further lowering of the rates. We are rather anxious to see what effect this clamour of the selfish British merchants has upon Lord Northbrook.

Mr. Hogg was prevented by the Justices from expending any more money for the market as the law did not allow it. Upon this Mr Hogg submitted a letter to the members of the special committee requesting them not to mind the law as a new law will be enacted as soon they will request the Government to do so. He requested the members therefore to take the responsibility upon their shoulders of expending more money as they need not fear the consequences. But he goes further and says:

However, if the Committee is of a different opinion I am prepared to hold myself personally responsible for all cash expenditure until the Justices have time calmly to consider the matter, provided the Committee agrees to support me, and will adjust matters with the butchers, to accomplish which no money is required.

We believe if Mr. Hogg is prepared to hold himself personally responsible for the sums thus expended he may as well expend them without the sanction of the members of the special committee. The confidence of our Chairman proves these two things that he is the absolute lord of Calcutta and that he knows it. It does not speak well of the citizens of Calcutta.

SIR GEORGE'S SPEECH—The speech of Sir George Campbell delivered at the Social Science Association has a double interest, comes as it from the Governor of a province and a man of genius and new ideas. But new ideas or sentiments we do not find in the address because as Sir George says he had no time to conceive, mature or develop them. He was of opinion that in no country social freedom was enjoyed in a more or a more complete degree, and therefore

India was the most fitted of all countries where social science could be cultivated with the greatest success. We do not precisely understand what does Sir George mean by our enjoying social freedom in this country in a greater degree, but we admit his conclusion. India is eminently fitted for the cultivation of the science of social economy. India is a field for all sorts of experiments. The British nation is experimenting upon the science of Government here in this country as young Surgeons first learn their art by practising upon dead bodies. If any new measure fails there is none here to cry down the Government or rise in rebellion, and if it succeeds it can be immediately transplanted in England. Thus at present India is a field for political experiments because it is a conquered country. But it is fitted by nature to be a field for experiments in social philosophy. India, or a great portion of India, was peopled by a dwarfish and a black race of barbarous people worshipping their wood gods. Then came the tall and fair Aryans who gradually mingled their blood with the inferior race. Then came the *dytyas, danabs* and *ashoors* who were supplanted by the Bramhins but were at last converted by them. Then came Buddhism with its levelling effect and the bloods of all these races were intermingled. The Javans probably the Greeks followed and they merged amongst the Bhuddists, so at the present day a trace of them cannot be discovered. The Greeks were followed by the Mahamudans who also established themselves in the country, influenced the Hindoos and were influenced by the Hindoos in return and the mixture of the two races would have been most thorough sooner or later had not the English come and kept by their policy the line of demarcation intact. Thus myriads of men of different races with different religions, languages, customs, manners and ideas have poured into this country from different parts of the world in successive periods and the result is a heterogenous mass presenting innumerable phases of human society. Here in this country you will find the white, the yellow and the black; the tall and the short; the cannibal and the ascetic; the Bramhmin and the Khund. Here in this country you will find the celibate, the monogamous, the polygamous, the polyandrous and the free lovers. Here you will find the institution of caste with its advantages and disadvantages and the effect of such an institution upon human society. In short, laws regarding society in every conceivable form are in force in this country from a long time amongst the different tribes. So every conceivable experiment regarding social science has been made and now is the time for philosophers to collect facts and deduce principles. The social science association has therefore a grand work before it, and it can make by comparatively slight efforts, great discoveries benefiting humanity. But before the members move in the matter they ought to possess a complete, elaborate and comprehensive census of the country, for upon an accurate and comprehensive census alone can the science of social economy be founded.

Sir George complimented the Bengales and said that they have received a highly intellectual education and are eminently fitted to take part in the cultivation of social science. He called the Bengales who have received the highest culture the Scotchmen of the East. What in common the Scotch have with the Bengales we do not know, neither do we think that the Bengales will take it as a compliment if they are compared with the Scotch. The Scotch are grave, unsocial, stern, fierce, blood-thirsty, hardy and foolish and the Bengales light, social, easy, timid, weak and intelligent. There is only one point of agreement, and even there we cannot meet in one common ground. The Scotch made over the destiny of their country to the English and we made over the destiny of our country to the same nation, but they gained immense advantages by that act, we wish our gain were as immense. Sir George entertained a hope that the Social Science Association may turn, if the members were active, into a Social House of Parliament and our grand children may see the change. We could also entertain the same hopes if the Association were not conducted by foreigners and renegades we mean by those who have no influence in society. But mark one thing.

Sir George entertains the hope that we shall have a Social Parliament as for a Political Parliament that is out of the question. His Honor says that it is impossible that we should have political freedom in this country. So Lord Mayo said that the British Government shall endure for ever in India, and so philanthropists no sooner they touch India than abandon the politics of the country to take care of itself and devote themselves heart and soul for our social progress. With a heart overflowing with love for us, English philanthropists come to help and benefit us; they see our political chain and affect not to see it; and fall to teach us how to dress and dine and then abuse us for our perversity. Thus far thou shalt go but no further. You must dress decently and thousands of Englishmen will come with their advice gratis how to dress, and to discover what dress is best fitted for us. Talk of the liberty of females and thousands of Europeans will most graciously offer themselves to dance with your wives and daughters. Denounce caste and hundred thousand Englishmen will cheer you on, and 50 thousands will undertake to give speeches describing the evil effects of that barbarous institution, how it demoralises and enslaves a nation, but talk to these philanthropists of your political slavery and they are in a body dumb. Their philanthropy will instantly evaporate from their heart and they will forsake you. Thus far thou shalt go and no further. What is the use at all of a social Parliament if we have no political Parliament of our own? If you wish, these philanthropists will gild your cage, if you wish they may even go the length of feeding you with cream, but you must never think of coming out your cage. You can sing, you can play, you can cry and you can breed while in the cage, but you can't expect to come out of it. If you wish to fly, fly with your heart's content as far as the cage allows you. But God has implanted in the human breast desires and aspirations which it is impossible to stifle. While the master thinks of the cream with which he feeds his creatures, the engaged creatures never offer a thought to the cream, but is always trying to break thro' the cage. To those Englishmen who have any love to offer to the people of India we request to leave us alone in our social matters. We can manage our social matters without their help, let them only place themselves in our position and think that it is not mockery to talk to us of the liberty of females when they have usurped the liberty of the males? Give us our political liberty and keep us under your protection and then God will bless you, but don't talk of our caste system, and our Zenana system while you do not allow us any hand in the administration of our own country.

